

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২০৬-আইন/২০১৫/৮৩/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর sections 207 এবং 219, THIRD SCHEDULE এর item 21 এর সহিত পঠিতব্য, এ পদ্ধতি ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, ফ্রেইট ফরওয়ার্ডার্স (লাইসেন্স ও কার্য-পরিচালনা) বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :-

**উপরি-উক্ত বিধিমালার-**

(১) বিধি ৬ এর উপ-বিধি (৩) এর-

- (ক) দফা (ক) বিলুপ্ত হইবে;
- (খ) দফা (খ) এ উল্লিখিত “৪৯ (উনপঞ্চাশ)” সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে “৪০ (চাল্লিশ)” সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;
- (গ) দফা (গ) এর উপ-দফা (অ) বিলুপ্ত হইবে; এবং
- (ঘ) দফা (ঘ) এ উল্লিখিত “বাংলাদেশের যে কোন তফসিলী ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ৩ (তিনি) লক্ষ টাকার নিরাপত্তা জামানত” শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে “৩ (তিনি) লক্ষ টাকা মূল্যমানের সঞ্চয়পত্র” সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) বিধি ৬ এর পর নিম্নরূপ নূতন বিধি ৬ক সংযোজিত হইবে, যথা :-

“৬ক। এই বিধিমালার অন্যান্য বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, সম্পূর্ণ বিদেশী মালিকানাধীন কোন প্রতিষ্ঠানকে এই বিধিমালার আওতায় লাইসেন্স প্রদান করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, দেশী ও বিদেশী যৌথ মালিকানায় প্রতিষ্ঠিত কোম্পানী লাইসেন্স পাইবার যোগ্য হইবে, যদি বিদেশী মালিক বা মালিকদের শেয়ার ধারণের পরিমাণ উক্ত কোম্পানীর মোট শেয়ারের শতকরা ৪০ (চাল্লিশ) এর বেশী না হয়।”;

(৩) বিধি ৮ এর-

(ক) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা:

“(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, একজন লাইসেন্স লাইসেন্সে উল্লিখিত কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন ব্যতীত অন্য কোন কাস্টমস স্টেশনে কার্যক্রম পরিচালনা করিতে চাহিলে, তাহাকে ১০ (দশ) হাজার টাকার ট্রেজারী চালান অথবা ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডারসহ সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে আবেদন করিতে হইবে এবং লাইসেন্সিং কর্তৃপক্ষ আবেদন যাচাই করিয়া তালিকাভুক্তি যোগ্য মনে করিলে ফরম ‘গ’ অনুযায়ী তাহাকে মূল লাইসেন্সের মেয়াদকালে উক্ত কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনের জন্য একজন লাইসেন্স হিসাবে তালিকাভুক্ত করিবেন;”;

(খ) উপ-বিধি (৪) বিলুপ্ত হইবে;

(গ) উপ-বিধি (৫) এ উল্লিখিত “২ (দুই)” সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে “৮ (চার)” সংখ্যা, বন্ধনী ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(৪) বিধি ৯ এর-

(ক) উপ-বিধি (১) এ উল্লিখিত “উক্ত টাকার সমপরিমাণ” শব্দগুলির পর “ট্রেজারি চালান অথবা” শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(খ) উপ-বিধি (২) এর দফা (ঙ) এর প্রাপ্তস্থিত “দাঁড়ি (।)” চিহ্নটির পরিবর্তে “; এবং” সেমিকোলন ও শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(গ) উপ-বিধি (২) এর দফা (ঙ) এর পর নিম্নরূপ নূতন দফা (চ) সংযোজিত হইবে, যথা:-

“(চ) নবায়ন ফি এর উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর পরিশোধের চালানের কপি।”;

(ঙ) বিধি ৯ এর পর নিম্নরূপ নূতন বিধি ৯ক সংযোজিত হইবে, যথা:

- “ঠক। তালিকাভুক্ত লাইসেন্স নবায়ন।-** (১) মূল লাইসেন্সের মালিককে  
তালিকাভুক্ত লাইসেন্স এর নবায়ন এর জন্য মূল লাইসেন্স এর  
নবায়নের কপি, ৫ (পাঁচ) হাজার টাকা নবায়ন ফি এবং উহার  
উপর প্রদেয় মূল্য সংযোজন কর এর সম্পরিমান অর্থের ট্রেজারি  
চালান অথবা ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডারসহ সংশ্লিষ্ট কাস্টম  
হাউস বা কাস্টমস স্টেশনের লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট  
লিখিতভাবে আবেদন করিতে হইবে।
- (২) উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত আবেদন বিবেচনা করিয়া  
কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনের লাইসেন্সিং কর্তৃপক্ষ মূল  
লাইসেন্সের মেয়াদকালের জন্য তালিকাভুক্ত লাইসেন্স নবায়ন  
করিতে পারিবেন।”; এবং
- (৬) ফরম-খ এ দফা (১) এ উল্লিখিত “দুই” শব্দটির পরিবর্তে “৪ (চার)”  
সংখ্যা, বন্ধনী ও শব্দটি প্রতিস্থাপিত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-  
(মোঃ নজিরুর রহমান)  
চেয়ারম্যান।